# Times Today BD

মঞ্জুরুল ইসলাম | ময়মনসিংহ | 09 May, 2025

ময়মনসিংহে হত্যা মামলার আসামীর ছুরিকাঘাতে ইয়াসিন আলী স্বপন (৩৫) নামে এক যুবক খুন হয়েছে।এ ঘটনায় আমির হোসেন নামে আরও একজন আহত হয়েছে।

বৃহস্পতিবার (৮ এপ্রিল) রাত ৯ টার দিকে নগরীর আকুয়া মড়লবাড়ি গন্দ্রপা মালবাড়ি এলাকায় এই ঘটনা ঘটে।

নিহত ইয়াসিন আলী স্বপন ওই এলাকার মৃত রজব আলীর ছেলে।সে আনন্দ মোহন কলেজের একাউন্টটিং বিভাগের কম্পিউটার অপারেটর হিসাবে কর্মরত ছিলেন।পাশাপাশি ইয়াসিন আলী স্বপন ওই এলাকায় মুদি দোকান করতেন।

পুলিশ ও স্থানীয় সুত্র জানায়, ২০২২ সালে নিহত ইয়াসিন আলী স্বপনের চাচা পারভেজকে হত্যা দিলীপ ও তার সহযোগীরা। এ ঘটনায় মামলার পর দিলীপ জেলেখানায় ছিলেন। আনুমানিক একবছর আগে জামিনে ছাড়া পান দিলীপ।এরপর থেকে মাদক ব্যবসা ও এলাকায় এক আতঙ্কের নাম ছিল দিলীপ। ঘটনার দিন রাত ৯ টার দিকে স্বপনের দোকানের সামনে আমির হোসেন কুপিয়ে আহত দিলীপ ও তার সহযোগীরা।পরে ইয়াসিন আলী স্বপন দোকান থেকে বের হতেই দিলীপ ছুরিকাঘাত করে পালিয়ে যায়। ছুরিকাঘাতে ইয়াসিন আলী স্বপন ঘটনাস্থলেই মারা যায়।স্থানীয়রা আহত আমির হোসেনকে উদ্ধার করে ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করেন।

ময়মনসিংহ কোতোয়ালী মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. শফিকুল ইসলাম খান

বলেন, মরদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতালের মর্গে রাখা হয়েছে।হত্যাকান্ডের সাথে জড়িতদের গ্রেপ্তারের চেষ্টা চলছে।এ ঘটনায় আইনগত ব্যবস্থা প্রক্রিয়াধীন আছে বলেও জানান তিনি।

হত্যা মামলা আসামী ছুরিকাঘাত খুন

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 03:15

URL: https://www.timestodaybd.com/public/mymensingh/2190685144